গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd
www.hsd.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন বই আকারে প্রকাশনার ১ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : শেখ মুজিবর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ, (কক্ষ নং-৩৩৮, ভবন নং-৩)।
সভার তারিখ ও সময় : ১৪.০৯.২০২০ খ্রিঃ, সকালঃ ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

শেখ মুজিবর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও আহবায়ক বই প্রকাশনা কমিটি, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সভায় সভাপতিত্ব করেন। তিনি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার বিষয়বস্তু তুলে ধরে জানান যে, স্বাস্থ্য ক্ষেত্রে ২০১৯-২০২০ অর্থবছরে স্বাস্থ্য সেবা বিভাগে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম/সাফল্য বই আকারে প্রকাশের মাধ্যমে এ মন্ত্রণালয়ের কর্মদক্ষতা সম্পর্কে সাধারণ জনগণকে জানানো প্রয়োজন। সেজন্য তিনি বইটি অত্যন্ত গুরুত্ব সহকারে মুদ্রণ করতে বলেন। তিনি জনাব নাজমা বেগম, উপসচিব (প্রশাসন-৪) ও সদস্য সচিব, বই প্রকাশনা কমিটিকে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২. সভাপতির অনুমতিক্রমে জনাব নাজমা বেগম, উপসচিব (প্রশাসন-৪) ও সদস্য সচিব, বই প্রকাশনা কমিটি গত ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন বইটির প্রুফ কপি এবং ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশনার কার্যপত্র সভায় উপস্থাপন করেন।

০৩. সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরুপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | সভাপতি ২০১৮-২০১৯ অর্থবছরের বইটির প্রুফ পুনরায় দেখার জন্য জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরী, যুগ্মসচিব (প্রশাসন) কে অনুরোধ করেন এবং কোন সংযোজন ও বিয়োজন থাকলে তা করার জন্য বলেন। জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরী, যুগ্মসচিব (প্রশাসন), বইটির শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি ও উক্তি অন্তর্ভুক্ত করার পক্ষে মত দেন। এছাড়া, তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি ও উক্তি অন্তর্ভুক্ত করার কথা বলেন। সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি ও উক্তি বইটির শুরুতে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করেন। তিনি বইটির ফাইনাল প্রিন্ট আগামী ২৫ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেন। | • ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন ২৫ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে বই আকারে প্রকাশ করতে হবে;<br>• বার্ষিক প্রতিবেদনের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি ও উক্তি অন্তর্ভুক্ত করতে হবে; | প্রশাসন-৪/ প্রশাসন-২/ স্বাস্থ্য শিক্ষা ব্যুরো |

| | | | |
|---|---|---|---|
| ৩.২ | সভাপতি ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রকাশনাতে কোন বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে তা সবাইকে অবগত করেন। তিনি জানান যে, প্রকাশনাটি এ-৪ সাইজের হবে। বইটিতে ক্রমানুসারে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী, প্রকাশনা কমিটির আহবায়কের কথা থাকবে, এক্রোনিম, সূচি, সার-সংক্ষেপ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইতিহাস, স্বাস্থ্য সেবা বিভাগের সংক্ষিপ্ত কার্যক্রম, মন্ত্রণালয়ের অনুবিভাগ ভিত্তিক ২০১৯-২০২০ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম ও সাফল্য, অধিদপ্তরসমূহের ২০১৯-২০২০ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম ও সাফল্য এবং সবশেষে তথ্যসমূহের সূত্র অন্তর্ভুক্ত থাকবে। তিনি বইটির ডিজাইন ও অন্তর্ভুক্ত তথ্যাদি সম্পর্কে উপস্থিত সবাইকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। | • ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন বইটি A4 সাইজের হবে।<br>• বইটিতে ক্রমানুসারে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী, প্রকাশনা কমিটির আহবায়কের কথা, এক্রোনিম, সূচি, সার-সংক্ষেপ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইতিহাস, স্বাস্থ্য সেবা বিভাগের সংক্ষিপ্ত কার্যক্রম, মন্ত্রণালয়ের অনুবিভাগ ভিত্তিক ২০১৯-২০২০ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম ও সাফল্য, অধিদপ্তরসমূহের ২০১৯-২০২০ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম ও সাফল্য এবং সবশেষে তথ্যসমূহের সূত্র অন্তর্ভুক্ত থাকবে। | আহবায়ক কমিটি |
| ৩.৩ | জনাব নাজমা বেগম, উপসচিব (প্রশাসন-৪) স্বাস্থ্য সেবা বিভাগের অনুবিভাগ এবং অধিদপ্তর/দপ্তরসমূহের বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০২০ প্রস্তুতের নিম্নরূপ রূপরেখা তুলে ধরেন:<br>(ক) ভূমিকা; (খ) ভিশন ও মিশন; (গ) সাংগঠনিক কাঠামো; (ঘ) বিদ্যমান জনবল; (ঙ) কর্মসংস্থান-নিয়োগ সংক্রান্ত তথ্যাদি; (চ) অনুবিভাগের গুরুত্বপূর্ণ কার্যাবলি; (ছ) ২০১৯-২০২০ অর্থবছরের (০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত) সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/সাফল্য; (জ) ২০১৯-২০২০ অর্থবছরের (০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত) সমাপ্ত প্রকল্পের তালিকা; (ঝ) চলমান প্রকল্পের তালিকা; (ঞ) ই-ফাইলিং বাস্তবায়নের হার; (ট) ইনোভেশন প্রকল্পের তালিকা (যদি থাকে); (ঠ) শাখা/অধিশাখার প্রতিবেদন সমন্বিত করে অনুবিভাগ ভিত্তিক প্রেরণ; (ঢ) আগামী দিনের পরিকল্পনা; | • প্রতিবেদনের রূপরেখা হবে:<br>(ক) ভূমিকা; (খ) ভিশন ও মিশন; (গ) সাংগঠনিক কাঠামো; (ঘ) বিদ্যমান জনবল; (ঙ) কর্মসংস্থান-নিয়োগ সংক্রান্ত তথ্যাদি; (চ) অনুবিভাগের গুরুত্বপূর্ণ কার্যাবলি; (ছ) ২০১৯-২০২০ অর্থবছরের (০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত) সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/ সাফল্য; (জ) ২০১৯-২০২০ অর্থবছরের (০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত) সমাপ্ত প্রকল্পের তালিকা; (ঝ) চলমান প্রকল্পের তালিকা; (ঞ) ই-ফাইলিং বাস্তবায়নের হার; (ট) ইনোভেশন প্রকল্পের তালিকা (যদি থাকে); (ঠ) শাখা/অধিশাখার প্রতিবেদন সমন্বিত করে অনুবিভাগ ভিত্তিক প্রেরণ; (ঢ) আগামী দিনের পরিকল্পনা; | সকল অনুবিভাগ/ অধিদপ্তর/ দপ্তর/সংস্থা |
| ৩.৪ | জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরী, যুগ্মসচিব (প্রশাসন) প্রতিবেদন প্রস্তুতকালে ইউনিকোড বাংলা লেখার জন্য Nikosh ফন্ট (সাইজ ১২), ইংরেজি লেখার জন্য Times New Roman ফন্ট (সাইজ ১১) এবং ২০১৯-২০২০ অর্থবছরের সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/সাফল্যের ক্যাপশনসহ ছবি JPEG ফরমেট অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ জানান। | • প্রতিবেদনের Nikosh ফন্ট (সাইজ ১২), ইংরেজি লেখার জন্য Times New Roman ফন্ট (সাইজ ১১) ব্যবহার করতে হবে;<br>• ছবি JPEG ফরমেট হবে এবং ক্যাপশন থাকবে। | সকল অনুবিভাগ/ অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| ৩.৫ | সভাপতি উপসচিব (প্রশাসন-৪) কে নির্ধারিত রুপরেখা মোতাবেক তথ্যের জন্য অনুবিভাগ, অধিদপ্তর/দপ্তর/ সংস্থা প্রধানগণকে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। তিনি পত্রে ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে তথ্য প্রেরণের জন্য সকল অনুবিভাগ, অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানকে অনুরোধ জানাতে বলেন। এছাড়া, তিনি বইটিতে গ্রাফিক্যাল প্রেজেন্টেশনের উপর গুরুত্বারোপ করেন। তিনি অধিদপ্তরগুলোকে প্রয়োজনীয় গ্রাফ/তথ্য/উপাত্ত প্রেরণের জন্য অনুরোধ জানান। | • নির্ধারিত রুপরেখা মোতাবেক তথ্যাদি ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে।<br>• সকল অনুবিভাগ ও অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার প্রেরিত তথ্যের সাথে ক্যাপশনসহ ছবি, গ্রাফচিত্র থাকা বাঞ্ছনীয়। | সকল অনুবিভাগ/ অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা |
| ৩.৬ | সভাপতি মহোদয় সকল অনুবিভাগ ও অধিদপ্তর/দপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত তথ্যগুলো আগামী ১০ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে সমন্বয় করে খসড়া প্রতিবেদনটি তৈরি করতে বলেন এবং সেই সাথে যুগ্মসচিব (প্রশাসন) কে প্রতিবেদনটির ত্রুটি বিচ্যুতি, ভুল-ভ্রান্তি যাচাই-বাছাই আগামী ১৮ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে করার জন্য অনুরোধ করেন। তিনি আগামী ২০ অক্টোবর ২০২০ তারিখে পরবর্তী সভা আহবানের জন্য নির্দেশনা প্রদান করেন। | • খসড়া প্রতিবেদনটির ত্রুটি-বিচ্যুতি, ভুল-ভ্রান্তি আগামী ১৮ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে যাচাই বাছাই করতে হবে।<br>• আগামী ২০ অক্টোবর ২০২০ তারিখে বই প্রকাশনা কমিটির পরবর্তী সভা আহবান করতে হবে। | যুগ্মসচিব(প্রশাসন)/ প্রশাসন-৪ |

৯. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৩.০৯.২০২০
(শেখ মুজিবর রহমান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও আহবায়ক
বই প্রকাশনা কমিটি
স্বাস্থ্য সেবা বিভাগ

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.১৬.০০৮.২০২০-১৪০

তারিখঃ ০৮ আশ্বিন ১৪২৭ / ২৩ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

মন্ত্রণালয়/বিভাগ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন/বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/প্রশাসন-৩/জনস্বাস্থ্য-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী প্রধান (স্বাস্থ্য-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. প্রধান (স্বাস্থ্য শিক্ষা ব্যুরো), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. পরিসংখ্যান কর্মকর্তা (চলতি দ্বায়িত্ব), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৩/০৯/২০

নাজমা বেগম
উপসচিব (প্রশাসন-৪)
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@hsd.gov.bd